

## বড় দলরূপে এবং বিভিন্ন গৃহে খ্রীষ্টিয়ানগণ মিলিত হন

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যয়ন H6b পাঠ করা উচিত

প্রার্থনা : “প্রভু যীশু, তোমার পুনরুত্থানের দ্বারা তুমি আমাদের জীবন্ত করেছ। তোমার জীবন্ত দেহরূপে আমাদের অসংখ্য মণ্ডলী স্থাপন করতে সাহায্য কর।”

১. ক্ষুদ্র গৃহ মণ্ডলীতে কাজ করতে আপনার উপাসক মণ্ডলীকে সাহায্য করার জন্য প্রস্তুত হন।

খুঁজুন প্রেরিত ২ঃ৪৬, ৪৭; ১৮ঃ৭ পদে, সেই প্রকার জায়গাগুলি যেখানে প্রথম খ্রীষ্টিয়ানরা পরস্পর মিলিত হতেন। (উত্তর বন্ধনীর মধ্যে)

- প্রেরিত ২ঃ৪৬ পদে খুঁজুন, বিশ্বাসীবর্গ প্রভুর ভোজ গ্রহণ করত। (গৃহগুলোতে)
- প্রেরিত ৫ঃ৪২; ২০ঃ২০ পদে খুঁজুন, কোথায় প্রেরিতবর্গ যীশুর বিষয় শিক্ষা দিতেন। (মন্দিরে এবং গৃহে)
- প্রেরিত ১৬ঃ৪০ পদে খুঁজুন, ফিলিপীতে প্রেরিতগণ বিশ্বাসীদের খুঁজতে কোথায় গেছিলেন। (লুদিয়ার বাড়ীতে)।

খুঁজুন, প্রেরিত ১৬ঃ৪০; রোমীয় ১৬ঃ৫; ১ করিন্থীয় ১৬ঃ১৯; কলসীয় ৪ঃ১৫-১৬; ফিলীমন ১ঃ১-১৩; কোথায় অনেক মণ্ডলী মিলিত হত, যাদের প্রেরিত পৌল পত্র লিখেছিলেন। (লোকদের বাড়ীতে)

কিছু উপাসকমণ্ডলী বৃহৎ হাতীর ন্যায় যারা খুব শক্তিশালী এবং অনেক কাজ করতে পারে। অন্য উপাসকমণ্ডলী ছোট খরগোসের ন্যায় যারা খুব শক্তিশালী নয় কিন্তু তারা খুব দ্রুত বংশবৃদ্ধি করতে পারে।



### হাতি

- ১৮ বছরে পূর্ণতাপ্রাপ্ত হয়
- প্রতি গর্ভাবস্থায় ১টি বাচ্চা
- বছরে ৪ বার গর্ভবতী হয়
- ২২ মাস গর্ভ ধারণ করে
- তিন বছরে পরিবার বেড়ে ২ থেকে ৩ হয়।

### খরগোস

- চার মাসে পূর্ণতাপ্রাপ্ত হয়
- প্রতি গর্ভাবস্থায় গড়ে ৭টি বাচ্চা
- প্রায় সর্বদাই গর্ভবতী হয়
- ১ মাস গর্ভ ধারণ করে
- তিন বছরে পরিবার বেড়ে হতে পারে ৪৭৬ মিলিয়ন।



২. সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন কিভাবে নতুন গৃহ উপাসকমণ্ডলী তৈরী করা যায়।

গৃহ উপাসকমণ্ডলীর সুবিধাগুলি সহকর্মীদের সঙ্গে আলোচনা করুন :

- বড় দলের তুলনায় তারা খুব দ্রুত বিস্তার লাভ করে।
- নবদীক্ষিত ব্যক্তিরাত তাদের নেতৃত্ব দিতে পারে।
- তারা তাদের আত্মিক দানের দ্বারা একে অপরকে উৎসাহ প্রদান করতে পারে।
- তারা নতুন নিয়মের 'একে অন্যের' জন্য সব আদেশ নিজেরা অনুশীলন করতে পারে।
- উপাসনা মন্দির নির্মাণের জন্য তাদের কোন টাকার দরকার হয় না।
- তারা শত্রুপক্ষীয় কর্তৃপক্ষের থেকে প্রায় অদৃশ্য থাকে।

যারা গৃহমণ্ডলীর পরিচর্যা করবেন সেই শিক্ষানবীশ পালকদের আপনি এবং আপনার সহকর্মীগণ পরিচালনা করবেন এবং পরামর্শ দেবেন, সেই বিষয়ে আপনার সহকর্মীদের সঙ্গে আলোচনা করুন।

“নতুন পালকদের পরামর্শদানের নির্দেশাবলী” পৌল-তীমথি নেতৃত্ব প্রশিক্ষণ অধ্যয়ণ ট্রুথথেকে পাঠ করুন।

কারা নতুন দীক্ষিত পালক হতে পারেন এ বিষয়ে আপনার সহকর্মীদের সঙ্গে আলোচনা করুন। সেই সমস্ত ব্যক্তিদের সঙ্গে সাক্ষাত করুন এবং তারা যখন নতুন গৃহ উপাসনা পরিচালনা করবে তাদের শিক্ষা দেবার জন্য সম্মত হন। উত্তম পালক তাদের মধ্যে থেকে আসবে যারা :

- তাদের পারিবারিক আরাধনা পরিচালনা করে।
- অন্য ব্যক্তিদের একত্রে মিলিত করাতে সক্ষম।
- সমাজে তার সুখ্যাতি আছে।

নতুন গৃহদলে অনুশীলনের সাহায্য করার জন্য শিক্ষানবীশ পালকদের আপনি যে কার্যকলাপগুলো প্রশিক্ষণ দেবেন, সেই বিষয়ে পরিকল্পনা করুন :

- ঈশ্বরের আরাধনা
- যীশুর নাম ব্যবহার করে প্রার্থনা
- নতুন বিশ্বাসীদের বাপ্তিস্ম
- একসঙ্গে রুটি ভাঙ্গা
- জরুরী প্রয়োজন মিটানোর জন্য দান।
- একসঙ্গে শাস্ত্র শেখা
- একে অপরকে উৎসাহ দান
- অন্যদের পরিচর্যা করা
- সুসমাচারের সহভাগিতা করা।
- অন্য গৃহদলের সঙ্গে সহযোগীতা

পরিকল্পনা করুন কোথায় এবং কতবার গৃহ উপাসকমণ্ডলীগুলি বড় সভায় একত্রিত হতে পারে, যদি সম্ভব হয়, এই সমস্ত বিষয়গুলির জন্য —

- শক্তিশালী শিক্ষকদের এবং অনুগ্রহ প্রাপ্ত প্রচারকদের কথা শোনার জন্য
- ছোট দলে ঈশ্বর কি কি করছেন সেই সমস্ত বিষয়ের বিবরণ একে অন্যকে বন্টনের জন্য।
- প্রতিভাশালী বাদ্যকারের বাদ্য উপভোগ ও নতুন গান শিখতে।
- অন্য বিশ্বাসীদের সঙ্গে সাক্ষাৎ ও বন্ধুত্ব গড়ে তোলার জন্য।
- নতুন ঐশ্বরিক কাজ পরিকল্পনা ও সুযোগ সম্বন্ধে জানতে।
- ঈশ্বরের গৌরব এবং প্রার্থনা করতে।

সতর্কতা : যদি বড় দল প্রায়ই মিলিত হয়, তাহলে কিছু বিশ্বাসী আর গৃহ মণ্ডলীতে আসবেনা।

৩. আগামী উপাসনার জন্য আপনার সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

সেই মুহূর্তের প্রয়োজনীয় উপযুক্ত কার্যকলাপ পছন্দ করুন।

ছোট ছেলেমেয়েরা বড়দের কাছে নাটকটি উপস্থাপন করবে এবং যে প্রশ্নগুলি তারা তৈরী করেছে সেগুলি জিজ্ঞাসা করবে।

উপরে প্রথম পর্বে যে সমস্ত জিনিস আপনি পেয়েছেন সেইগুলি ব্যাখ্যা করুন ও সেই সম্বন্ধে প্রশ্ন জিজ্ঞাসা করুন।

১ করিন্থীয় ১৪ঃ২৬-৩২ পাঠ করুন এবং আলোচনা করে বলুন কি ধরনের কার্যকলাপ বিশ্বাসীরা একসঙ্গে করতে পারে।

একসঙ্গে কিছু কার্যকলাপ অনুশীলন করুন যা বিশ্বাসীরা তাদের পরিবারে ও গৃহ মণ্ডলীতে করতে পারবে।

প্রভুর ভোজ প্রবর্তনের জন্য করিন্থীয় ১১ঃ১৮-৩৪ পদ পড়ুন।

সবাই একত্রে মুখস্থ করুন মথি ১৮ঃ২০ পদ।

পরস্পরের কথা শোনার জন্য এবং পরস্পরের জন্য প্রার্থনা করার জন্য তিনচার জনের ছোট ছোট দলে বিশ্বাসীরা একত্রিত হবেন।



আপনি যদি নূতন পালকদের প্রশিক্ষণ দেন এবং পৌলতীমথি অধ্যয়নের AOf এর অন্তর্ভুক্ত শিক্ষানবীশ পালকদের প্রশিক্ষণের জন্য নির্দেশাবলী না পাঠ করে থাকেন, তবে অনুগ্রহ পূর্বক এখনই তা পাঠ করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from [www.Paul-Timothy.net](http://www.Paul-Timothy.net)